

বাপ্টিস্মদাতা যোহন যীশুকে বাপ্টিস্ম দিয়েছিলেন

প্রার্থনা : “প্রিয় প্রভু, তুমি যে এক ঈশ্বর যিনি এছাড়াও তিন ব্যক্তি, বিশ্বাসীগণ যাকে ত্রিত্ব বলে ডাকেন তা শিশুদের দেখতে সাহায্য করার জন্য অনুগ্রহ করে এই অধ্যয়নটি ব্যবহার করুন।”

শিশুদের বয়স এবং প্রয়োজনের থেকে যীশুর বাপ্টিস্মের গল্পটি যে কোন একটি বড় শিশু অথবা শিক্ষককে পাঠ করতে মন থেকে বলতে বলুন। **মথি ৩ঃ১-১৭**

ব্যাখ্যা :

- যীশু বাপ্টিস্ম প্রদর্শন করেছিল যে ত্রিত্বের তিন ব্যক্তি একসঙ্গে কাজ করে।
- তিন ব্যক্তি হল এক ঈশ্বর এবং একজনের মত কাজ করে; তারা তিন ঈশ্বর নন।
- এক ঈশ্বরের এই তিন ব্যক্তির সত্যটি হল একটি রহস্য যা কেবলমাত্র ঈশ্বরই বুঝতে পারেন।



এই প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন (প্রতিটি প্রশ্নের পর উত্তর দেওয়া হয়েছে) :

- কার জন্য যোহন পথ প্রস্তুত করেছিলেন? (৩ পদ দেখুন)
- যোহন যখন তাদের বাপ্টিস্ম দিচ্ছিলেন, তখন লোকেরা কি করছিল? (তারা তাদের পাপ স্বীকার করছিল, ৬ পদ)
- যোহন ধার্মিক লোকদের কি বিষয় সতর্ক করেছিলেন। যারা তাদের পাপসমূহ স্বীকার করেন নি? (পদ ৮)
- যারা অনুতাপ করতো যীশু তাদের কিসের দ্বারা বাপ্টিস্ম দিতেন? (পবিত্র আত্মার দ্বারা, ১২ পদ)
- যীশু বাপ্টিস্ম গ্রহণ করার বিষয়ে কি বলেছিলেন? (পাপীদের জন্য আদর্শ সরাপ সমস্ত ধার্মিকতা সাধন করার জন্য, ১৫ পদ)
- বাপ্টিস্মের সময় কিভাবে ত্রিত্বের তিন ব্যক্তিই আবির্ভূত হয়েছিলেন? (পুত্র বাপ্টিস্ম গ্রহণ করেছিলেন। আত্মা তাঁর ওপর নেমে এসেছিল এবং পিতা কথা বলেছিলেন, ১৬-১৭।)

যীশু বাপ্টিস্মের সময় কিভাবে ত্রিত্ব একসাথে কাজ করেছিল, সেই গল্পটির নাট্যরূপ দান করুন (মথি ৩ঃ১-৭)।

- শিশুদের দিয়ে এই নাটকটি উপস্থাপনের জন্য আরাধনার নেতার সঙ্গে ব্যবস্থা করুন।
- শিশুদের সঙ্গে নাটকটি প্রস্তুতির জন্য আপনার শিক্ষা দানের সময় ব্যবহার করুন।
- আপনার সব অংশগুলো ব্যবহার করার প্রয়োজন নেই।
- বড় শিশুদের ছোটদের প্রস্তুত করতে দিন।
- বড় শিশুদের অথবা প্রাপ্ত বয়স্কদের বাপ্টিস্মদাতা যোহন, যীশু এবং বর্ণনাকারীর ভূমিকায় অভিনয় করতে দিন।
- ছোট শিশুদের পর্যবেক্ষকগণ, ফরীশী এবং সদুকীদের ভূমিকায় অংশগ্রহণ করতে দিন।

বর্ণনাকারী : মথি ৩ঃ১-১২ শাস্ত্রংশটি থেকে গল্পের প্রথম অংশটি বলুন। তারপর বলবেন, “শুনুন, বাপ্টিস্ম দাতা যোহন কি বলেছেন।”

যোহনঃ চীৎকার করে, “প্রভুর আগমনের জন্য প্রস্তুত হও, তোমাদের পাপের জন্য অনুতাপ কর।”

পর্যবেক্ষকঃ “আমি আমার পাপের জন্য অনুতাপ করছি।” “দয়া করে আমাকে বাপ্তিস্ম দিন।”

ফরীশীঃ “আমি খুব ধার্মিক ফরীশী। আমার জীবন পরিবর্তনের প্রয়োজন নেই।”

সদ্দুকীঃ “আমি একজন সদ্দুকী, আমি কত ভাল তা দেখানের জন্য বাপ্তিস্ম গ্রহন করব, আমার অনুতাপের কোন প্রয়োজন নেই!”

যোহনঃ চীৎকার করে, “তোমরা ফরীশীরা সর্প! তোমাদের অন্তর পরিবর্তন কর। দ্রুত এক ব্যক্তি আসছেন, যিনি তোমাদের পবিত্র আত্মার দ্বারা বাপ্তিস্ম দেবেন। ঈশ্বরের বাধ্য হও। নতুবা তোমরা বিচারের অগ্নির সন্মুখীন হবে।”

বর্ণনাকারীঃ মথি ৩ঃ১৩-১৭ অংশটি থেকে গল্পের দ্বিতীয় ভাগটি বলবেন। তারপর বলবেন, “শুনুন, যীশু বাপ্তিস্ম দাতা যোহনকে কি বলছেন।”

যীশুঃ “যোহন, তুমি অবশ্যই আমাকে বাপ্তিস্ম দেবে।”

যোহনঃ “কিন্তু যীশু, আমি এ কাজের যোগ্য নই, বরং তোমার উচিত আমাকে বাপ্তিস্ম দেওয়া!”

যীশু বলেছিলেন, “এইভাবে ধার্মিকতা খাদন করা প্রয়োজন। আমাকে অবশ্যই পাপীদের কাছে উদাহরণ হতে হবে।”

যোহনঃ যীশুকে বাপ্তিস্ম দানের ভান করবেন। তারপর উর্দে ইঙ্গিত করে বলবেন, “দেখ! স্বর্গ থেকে কপোতের মত পবিত্র আত্মা যীশুর ওপর নেমে আসছে।”

পর্যবেক্ষকগণঃ উর্দে লক্ষ্য করে চীৎকার করে বলবে, “শুনুন! স্বর্গ থেকে এক কণ্ঠস্বর শোনা যাচ্ছে!”

যোহনঃ “তোমরা কি শুনতে পাচ্ছ পিতা ঈশ্বর স্বর্গ থেকে যীশুর বিষয় কি বলছেন? তিনি বলেছিলেন, “ইনি আমার পুত্র, যাকে আমি প্রেম করি।” ঈশ্বর আমাদের সঙ্গেও কথা বলেন!”

বর্ণনাকারীঃ যারা নাটকটি করতে সাহায্য করেছেন, তাদের সবাইকে ধন্যবাদ।

প্রশ্নাবলীঃ শিশুরা প্রাপ্তবয়স্কদের জন্য নাটকটি উপস্থাপন করে, তবে তাদের প্রাপ্ত বয়স্কদের কাছে ওপরের তালিকার প্রশ্নগুলো জিজ্ঞাসা করতে দিন।

জিজ্ঞাসাঃ ত্রিত্বের ব্যক্তিদের একত্রে কাজ করার অন্যান্য উদাহরণগুলো কি কি, যেহেতু তারা এক ঈশ্বর? (যদি তারা পারে, তাদের উদাহরণ দিতে দিন। উদাহরণগুলোর সঙ্গে সৃষ্টি, যীশুর পুণরুত্থান এবং আমাদের পরিত্রাণ অন্তর্ভুক্ত।)


মুখস্থ পদঃ লুক ৯ঃ৩৫ পদঃ “আর সেই মেঘ হইতে এই বাণী হইল, ইনিই আমার পুত্র, আমার মনোনীত, ইহঁার কথা শুন!”

কবিতাঃ চারজন শিশুর প্রত্যেককে গীত ২ঃ৭, ৮, ১০ এবং ১১ পদ আবৃত্তি করতে দিন।

অঙ্কনঃ শিশুদের একটি অবতরণকারী কপোতের ছবি অঙ্কন করতে দিন। তারা আরাধনার সময় প্রাপ্ত বয়স্কদের কাছে ছবিগুলো দেখাবে এবং এবং ব্যাখ্যা করবে যে এই ছবিটি থেকে বোঝা যায় যে আমরা যখন পাপ থেকে আমাদের যীশুর নামে রক্ষা করার বিষয় পিতা ঈশ্বরের কাছে যাজ্ঞা করি, তখন যীশু আমাদের পবিত্র আত্মার দ্বারা বাপ্তিস্ম দেন।



বড় শিশুরা পছন্দ করলে, তাদেরকে ত্রিত্বের ব্যক্তিদের একটি তালিকা অঙ্কন করতে দিন।



যীশুর বাপ্টিস্মের বিষয় অথবা ত্রিত্বের বিষয় বড় শিশুদের গান বা কবিতা লিখতে দিন।

প্রার্থনাঃ “পবিত্র ঈশ্বর, তুমি কে সত্য ঈশ্বর। পিতা, পুত্র এবং পবিত্র আত্মা, অর্থাৎ তোমার একে তিন সত্ত্বা হওয়ার বিষয় আমরা তোমার প্রশংসা করি। প্রভু যীশুর জীবনের সঙ্গে তোমার আত্মায় আমাদের বাপ্টিস্ম দানের জন্য তোমাকে ধন্যবাদ দিই, কাবণ তুমি আমাদের এর মাধ্যমে তোমার সন্তান করেছ।”

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net